

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০১১.১৩- ৫২৯,

তারিখ : ২০/১০/২০১৬ খ্রি;

বিষয়ঃ নির্ধারিত আসনের অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তির অনুমোদন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের রাজশাহী, মুন্সিগঞ্জ ও সিলেট ০৩(তিন)টি জেলা কার্যালয়ের আওতায় পরিচালিত “মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন” বিষয়ক ও অন্যান্য প্রশিক্ষণ কোর্সের স্থানীয়ভাবে ভর্তির ব্যাপক চাহিদা থাকায় নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে ২০১৬-২০১৭ অর্থবছরের চলমান (জুলাই-ডিসেম্বর/২০১৬) ব্যাচে নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তির ভূতাপেক্ষ অনুমোদন দেওয়া হলো। তবে পরবর্তীতে জেলা সমূহকে প্রশিক্ষণ প্রদানে তাদের নিজ নিজ সামর্থ্যের বাহিরে অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি না করাতে অনুরোধ করা হলো। এক্ষেত্রে,

- প্রশিক্ষণের গুণগত মান অক্ষুণ্ণ রাখতে হবে।
- অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে না।
- ভর্তির ০৩ (তিন) দিনের মধ্যে ভর্তি ফি বাবদ প্রাপ্ত অর্থ সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- প্রশিক্ষণের সমাপনী দিবসে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা।

ক্রঃনং	জেলার নাম	জেলার নাম	পূর্বের আসন সংখ্যা	অতিরিক্ত ভর্তির অনুমোদন	মোট
০১	রাজশাহী	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৩০ জন	১০ জন	৪০ জন
০২	মুন্সিগঞ্জ	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৩০ জন	২০ জন	৫০ জন
০৩	সিলেট	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৩০ জন	১৫ জন	৪৫ জন
		বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কোর্স	৬০ জন	১৮ জন	৭৮ জন
		রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং কোর্স	৩০ জন	০৫ জন	৩৫ জন
		ইলেক্ট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং কোর্স	৩০ জন	১০ জন	৪০ জন
		মৎস্য চাষ প্রশিক্ষণ কোর্স	২০ জন	২৫ জন	৪৫ জন

প্রাপক

উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
রাজশাহী, মুন্সিগঞ্জ ও সিলেট জেলা।

অনুলিপি বিতরণঃ

- ✓ ০১। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। অফিস কপি।

(ফাতেমা বেগম)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন নং- ০২-৯৫৫৩২৮৩